

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
[আইন-২ শাখা]
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০০.০০০০.০২১.০৪.০৭৭.১৭- ২২

তারিখ : ৮ মাঘ ১৪২৪
২১ জানুয়ারি ২০১৮


বিষয় : রিট পিটিশন নং- ১৫৫৪৩/২০১৭ [বাদী জনাব মোঃ আব্দুল আলিম, পিতা- মোঃ আব্দুল হামিদ, গ্রাম- পূর্ব টেকানি, থানা- সোনাতলা, জেলা-বগুড়া] এর দফাওয়ারী জবাব প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : সহকারী রেজিস্ট্রার কর্তৃক ০৯/০১/২০১৮ তারিখে প্রেরিত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের ০৬/১১/২০১৭ তারিখের আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের আওতায় ক্লার্ক কাম টাইপিষ্ট পদে নিয়োগের প্রক্রিয়া চূড়ান্তকরণের জন্য জনাব মোঃ আব্দুল আলিম বাদী হয়ে হাইকোর্ট বিভাগে ১৫৫৪৩/২০১৭ নং রিট পিটিশন দায়ের করেন। বিজ্ঞ আদালত শোকজ প্রদানপূর্বক জবাব প্রদানের জন্য এ বিভাগের সচিব মহোদয়কে ১নং প্রতিপক্ষ হিসেবে নোটিশ প্রদান করেন। বিজ্ঞ আদালতে মামলা প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে সরকার পক্ষে ইংরেজীতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারি স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজীতে দফাওয়ারী জবাব/ঘটনার প্রকৃত বিবরণী (Statement of Facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও প্রাসংগিক কাগজপত্র সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরি ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে তাঁকে অনুরোধ করা হল। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে বিজ্ঞ আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : রুলের কপি-১(এক) ফর্দ।


(মুহাম্মদ আনোয়ার পাশা)
উপসচিব (আইন-২)
ফোন: ৯৫৪০১৯৭

ই-মেইল: dslaw2.lgd.gov@gmail.com

প্রধান প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
কাকরাইল, ঢাকা।

সদয় অবগতি /কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. উপসচিব (পাস-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ।
২. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. অফিস কপি/মাষ্টার কপি।